উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
http://alamdanga.chuadanga.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০১.১৯-১৩৩ (১০০)

তারিখ : ০৩ ফেব্রুয়ারি'২০২০ খ্রিঃ।

## : হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি :

এতদ্বারা আলমডাঙ্গা উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৭ সনের জন্য ইজারা প্রদানকল্পে আগ্রহী হাট বাজার ব্যবসায়ী ও ব্যক্তিগণের নিকট হতে বর্ণিত তারিখ ও শর্তে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। বর্ণিত ছক মোতাবেক দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) দরপত্র সিডিউল চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়, আলমডাঙ্গা উপজেলা ভূমি অফিস, সোনালী ব্যাংক, আলমডাঙ্গা শাখা; আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয় করা যাবে।

উল্লেখিত ছকে বর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়, আলমডাঙ্গা উপজেলা ভূমি অফিস ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের দিন বিকাল ৩.০০ টায় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। এতদসংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

| ক্র: নং | হাট বাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ ও সময় | | | বাংলা ১৪২৭ সনে ধার্যকৃত সরকারি মূল্য | সিডিউলের ধার্য মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | ১ম বার ২৭-০২-২০২০ খ্রি: বেলা ১-০০ টা: | ২য় বার ০৫-০৩-২০২০ খ্রি: বেলা ১-০০ টা: | ৩য় বার ১২-০৩-২০২০ খ্রি: বেলা ১-০০ টা: | | |
| ১. | ভাংবাড়ীয়া সাপ্তাহিক হাট | ” | ” | ” | ২,০১,৯৯০/- | ১,২০০/- |
| ২. | হাটবোয়ালিয়া পশু হাট | ” | ” | ” | ১৪,৫১,৩১০/- | ২,৬০০/- |
| ৩. | হাটবোয়ালিয়া সাপ্তাঃ ও পান হাট | ” | ” | ” | ৬,৮১,০৭২/- | ২,০০০/- |
| ৪. | ভোগাইল বগাদী | ” | ” | ” | ১,০৩,৬৬৮/- | ১০০০/- |
| ৫. | হারদী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ২,১৯,৬৮৮/- | ১,২০০/- |
| ৬. | মোড়ভাঙ্গা সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৩৫,৭০৫/- | ৫০০/- |
| ৭. | ওসমানপুর সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৬৮,৭২৪/- | ৫০০/- |
| ৮. | কুমারী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ২১,২৭৬/- | ৫০০/- |
| ৯. | দূর্লভপুর সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৩২,৫৪৫/- | ৫০০/- |
| ১০. | বাড়াদী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ১,১৬৮/- | ৫০০/- |
| ১১. | নতিডাঙ্গা সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৫৯,৬১৭/- | ৫০০/- |
| ১২. | পোলতাডাঙ্গা সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৪৮,৫৫৫/- | ৫০০/- |
| ১৩. | আসমানখালী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ২৩,৯২,৭৭৪/- | ৫,৪০০/- |
| ১৪. | বড় গাংনী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৩১,৭২২/- | ৫০০/- |
| ১৫. | গোকুলখালী পশুহাট | ” | ” | ” | ১৪,৭০,৭৭৯/- | ৩,৬০০/- |
| ১৬. | গোকুলখালী পান হাট | ” | ” | ” | ১০,৩৪,৯৪৯/- | ২,৮০০/- |
| ১৭. | হাঁপানিয়া সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৪,২২৩/- | ৫০০/- |
| ১৮. | রুইতনপুর সাপ্তাহিক হাট | ” | ” | ” | ১৭,৮৬১/- | ৫০০/- |
| ১৯. | চিৎলা সাপ্তাহিক হাট | ” | ” | ” | ১,১০,৩৭২/- | ১০০০/- |
| ২০. | পাঁচকমলাপুর সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৫৭,৭০০/- | ৫০০/- |
| ২১. | মুন্সিগঞ্জ পশু হাট | ” | ” | ” | ১৭,৬৮,০৮০/- | ৫,২০০/- |
| ২২. | মুন্সিগঞ্জ পান হাট | ” | ” | ” | ১২,৮৩,৩০৭/- | ৩,২০০/- |
| ২৩. | জেহালা পান হাট | ” | ” | ” | ১৪,৮৪,৯০৭/- | ৩,৬০০/- |
| ২৪. | জামজামী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৯,৭২,১৯৭/- | ২,৬০০/- |
| ২৫. | পাঁচলিয়া সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৬,৪৩১/- | ৫০০/- |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৬. | ঘোলদাড়ী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৬,৩৯,০৯৭/- | ২,০০০ |
| ২৭. | আইলহাঁস সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৩৮,৬৩৭/- | ৫০০/- |
| ২৮. | বলেশ্বরপুর সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৩৪,২১১/- | ৫০০/- |
| ২৯. | রামদিয়া সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৩,১৫৩/- | ৫০০/- |
| ৩০. | খাসকররা সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৩,৬২,২৪২/- | ১,৪০০/- |
| ৩১. | পারলক্ষীপুর সাপ্তাহিক হাট | ” | ” | ” | ২২,৭১১/- | ৫০০/- |
| ৩২. | বেলগাছী সাপ্তাহিক হাট | ” | ” | ” | ৪,১৬০/- | ৫০০/- |
| ৩৩. | কেদারনগর কাশিপুর হাট | ” | ” | ” | ৪৭৭/- | ৫০০/- |
| ৩৪. | বেলগাছী বোর্ড পাড়া হাট | ” | ” | ” | ৬৪৭/- | ৫০০/- |

## : শর্তাবলী :

০১। বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ১৪২৭ সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক সিডি/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা-এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপর্ণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের ৭৫%(পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি সরকারি ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষন করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারি ভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৬/০২/২০২০

(মোঃ লিটন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

২,০০০
১০০/-
১০/-

স্মারক নং- ০৫.৪৪.১৮০৭.০০০.৯৬.০০১.১৯-১৩৩(১০০) তারিখ : ০৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

০৫। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা ।

০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর/ আলমডাঙ্গা/ দামুড়হুদা/ জীবননগর, চুয়াডাঙ্গা।

০৭। মেয়র, চুয়াডাঙ্গা সদর/ আলমডাঙ্গা/ দর্শনা/ জীবননগর পৌরসভা, চুয়াডাঙ্গা।

০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য :

০৯। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর/ দামুড়হুদা/ জীবননগর, চুয়াডাঙ্গা।

১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আলমডাঙ্গা।

১১। অফিসার ইনচার্জ, আলমডাঙ্গা থানা।

১২। উপজেলা.................................................................অফিসার, আলমডাঙ্গা।

১৩। সাব-রেজিস্টার, আলমডাঙ্গা।

১৪। পোস্ট মাস্টার, আলমডাঙ্গা ।

১৫। চেয়ারম্যান ........................................ইউনিয়ন পরিষদ, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।

১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,-----------------------------------------ইউনিয়ন ভূমি অফিস, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।

১৭। জনাব ........................................................... ইজারা গ্রহীতা ..................................................হাট ।

১৮। অফিস নথি।

০৩/০২/২০২০

(মোঃ লিটন আলী)
উপজেলা নির্বাহী অফিসার
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২২-৫৬২০১
unoalamdanga@mopa.gov.bd